মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২৫৯/ক/অনু/০৯(অংশ-২)/২৫৬ তারিখ: ০৭/০৩/২৩

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ক. প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক জনাব মোঃ জাকির হোসেন-এর ০৫/০৩/২০২৩ তারিখের আবেদন।
খ. বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত সংবাদ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে ,

১. ঢাকা মহানগরীর মিরপুর থানাধীন 'মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ' এর এডহক কমিটির সভাপতি জনাব এ.কে.এম দেলোয়ার হোসেন কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৮৬.২০২০.৫২৯ তারিখ: ২৭/০২/২০২৩ খ্রি. মোতাবেক মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ-এর জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মো: জাকির হোসেন, ইনডেক্স নং-২৭০৫৭৮ কে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব প্রদানে অবহেলা এবং

২. এডহক কমিটির সভাপতি জনাব এ.কে.এম দেলোয়ার হোসেন কর্তৃক স্বাক্ষরিত ০৭.০৩.২০২৩ এর নোটিশে ০৯.০৩.২৩ হতে ১৫.০৩.২৩ পর্যন্ত শ্রেণিকার্যক্রমসহ সকল দাপ্তরিক কার্যক্রম বন্ধের ঘোষণাটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সরকারী কলেজ-৪ এর ২২/১২/২০২২ তারিখে জারীকৃত সরকারি ছুটির তালিকার প্রজ্ঞাপন (স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.১৯.১২৮২) এর ক্রমিক ২১ এর লঙ্ঘন। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি ০৩(তিন) দিন। সভাপতি কর্তৃক ০৫ দিন ছুটি ঘোষণার বিষয়টি এখতিয়ার বহির্ভূত ও সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অমান্যকরণের শামিল।

এমতাবস্থায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশিত পত্রের (স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৮৬.২০২০.৫২৯ তারিখ: ২৭/০২/২০২৩ খ্রি.) নির্দেশনা পালনে অনীহা এবং সরকার জারীকৃত নির্দেশনা অমান্যকরণের কারণে এডহক কমিটির সভাপতিকে প্রবিধান ২০০৯ এর অনু ৩৮ এর (১) অনুযায়ী কেন অব্যাহতি প্রদান করা হবে না সে বিষয়ে আগামী ০৩ কর্মদিবসের মধ্যে কারণ ব্যাখ্যাপূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৭/০৩/২৩

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

জনাব এ.কে.এম দেলোয়ার হোসেন
সভাপতি, এডহক কমিটি
মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ (EIIN - 108181)
মিরপুর , ঢাকা-১২১৬।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয় , ঢাকা ।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ঢাকা।
৪। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, মিরপুর, ঢাকা।
৫। পি.এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অফিস কপি